

ডেন্টাল কলেজে ভর্তি পরীক্ষার ফল রোববার

ইত্তেফাক রিপোর্ট

প্রকাশ : ০৬ মে ২০২৩, ০০:৩০



সরকারি-বেসরকারি ডেন্টাল কলেজে (বিডিএস) ২০২২-২৩ শিক্ষাবর্ষে প্রথম বর্ষের ভর্তি পরীক্ষা গতকাল শুক্রবার অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০টা থেকে বেলা ১১টা পর্যন্ত রাজধানীর পাঁচটি কেন্দ্রসহ দেশের মোট ১২টি কেন্দ্রের ১৬টি ভেন্যুতে একযোগে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

মোট পরীক্ষার্থী ছিল ৩৭ হাজার ৫২৮ জন। উপস্থিত ছিল ৩৪ হাজার ৩৩৩ জন আর অনুপস্থিত ছিল ৩ হাজার ১৯৫ জন। আগামীকাল রবিবার বেলা ১২টার মধ্যে এই পরীক্ষার ফল প্রকাশ করার প্রস্তুতি নিয়েছে স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর।

দেশের সরকারি ডেন্টাল কলেজ ও ডেন্টাল ইউনিটে মোট আসনের মধ্যে সাধারণ শিক্ষার্থীরা ভর্তি হতে পারবেন ৫৩০টিতে। মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীরা পাবেন ১০টি আসন। পার্বত্য তিন জেলার উপজাতিদের জন্য রয়েছে তিনটি এবং অন্যান্য জেলার উপজাতিদের জন্য রয়েছে দুটি আসন। ৫৪৫টি আসনের মধ্যে ঢাকা ডেন্টাল কলেজে রয়েছে সর্বোচ্চ ১১০টি আসন।

ইত্তেফাক/এমএএ